

সিলেট বোর্ড  
কলেজ-পরীক্ষার্থী  
বেড়েছে, কমেছে  
পাস ও জিপিএ ৫

সিলেট অফিস >

এইচএসসি পরীক্ষায় এবার সিলেট শিক্ষা বোর্ডে পাসের হার ও জিপিএ ৫ দুটাই কমেছে। তবে এবারও বোর্ডে ফলাফলে ছেলেদের চেয়ে মেয়েরা এগিয়ে। বোর্ডে এবার পাসের হার ৭৪.৫৭ শতাংশ। গতবার পাসের হার ছিল ৭৯.১৬ শতাংশ। এবার বোর্ডে জিপিএ ৫ পেয়েছে এক হাজার ৩৫৬ জন শিক্ষার্থী। গত বছর জিপিএ ৫ পেয়েছিল দুই হাজার ৭০ জন। তবে জিপিএ ৫ পাওয়ার ক্ষেত্রে ছেলেরা এগিয়ে রয়েছে।

গত বছরের তুলনায় এবার বোর্ডে পরীক্ষায় অংশগ্রহণকারী কলেজের সংখ্যা বেড়েছে ২৮টি। গতবার ২০৩টি কলেজের শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। এবার কলেজের সংখ্যা ছিল ২৩১। পরীক্ষার্থীর সংখ্যাও এবার ১৪১ জন বেড়েছে। এবার বোর্ডের অধীনে ৫৭ হাজার ৭০২ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়েছিল। এবার বোর্ডে এক হাজার ৩৫৬ জন শিক্ষার্থী জিপিএ ৫ পেয়েছে। এর মধ্যে বিজ্ঞান বিভাগ থেকে ৯৩৮ জন, মানবিক বিভাগ থেকে ১৫০ জন ও বাবসায় শিক্ষা বিভাগ থেকে ২৬৮ জন জিপিএ ৫ পেয়েছে। এর মধ্যে ৭৯৮ জন ছেলে ও ৫৫৮ জন মেয়ে।

গতবারের মতো এবারও বোর্ডে ছেলেদের চেয়ে মেয়েরা এগিয়ে রয়েছে। পরীক্ষায় ৩১ হাজার ৪৫ জন মেয়ে অংশ নিয়ে পাস করেছে ২৩ হাজার ৩৭ জন। মেয়েদের পাসের হার ৭৫.০৭ ভাগ শতাংশ। আর ২৬ হাজার ৬৫৭ জন ছেলে পরীক্ষার্থী অংশ নিয়ে পাস করেছে ১৯ হাজার ৭২১ জন। ছেলেদের পাসের হার ৭৩.৯৮ শতাংশ।

এবার বোর্ডে বিজ্ঞান বিভাগ থেকে সাত হাজার ৮৩ জন পরীক্ষার্থী অংশ নেয়। এর মধ্যে পাস করেছে ছয় হাজার ২৮৬ জন। বিজ্ঞান বিভাগে পাসের হার ৮৮.৭৫ শতাংশ।